

**প্রিলিমিনারিতে উত্তীর্ণের
পর লিখিত পরীক্ষা**

শিক্ষক নিবন্ধন পরীক্ষার নতুন নিয়ম

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন আনা হয়েছে। এখন থেকে প্রিলিমিনারিতে পাস করার পর লিখিত পরীক্ষা দিতে হবে পরীক্ষার্থীদের। দ্বাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা থেকে নতুন এ পদ্ধতি চালু হবে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এমটিআরসিএ) বুধবার এ তথ্য জানিয়েছে।

কর্তৃপক্ষ জানিয়েছে, আগে স্কুল এবং কলেজ পর্যায়ে দুটি পরীক্ষা একসঙ্গে ৪ ঘণ্টা ধরে (এমসিকিউ পদ্ধতিতে আবশ্যিক বিষয়ের পরীক্ষা ১ ঘণ্টা এবং বর্ণনামূলক পদ্ধতিতে বিষয়ভিত্তিক লিখিত পরীক্ষা ৩ ঘণ্টা) বিরতিহীনভাবে নেয়া হতো। আগামী দ্বাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার ক্ষেত্রে প্রার্থীদের অনলাইনে আবেদন করার পর প্রথম ধাপে ১ ঘণ্টার ১০০ নম্বরের প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠিত হবে।